

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা

তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.totthoapa.gov.bd


স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.৬৪.১৮- ২০৭

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

তথ্যসেবা কর্মকর্তা এবং তথ্যসেবা সহকারীগণের বদলি স্থগিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন তথ্য আপা: “ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)” এর মূল উদ্দেশ্য হল গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের তথ্য প্রযুক্তিতে প্রবেশাধিকার এবং তথ্য প্রযুক্তি ভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন। তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়) এর প্রকল্প মেয়াদে তথ্যপ্রযুক্তি সম্পর্কে ০১ (এক) কোটি গ্রামীণ মহিলাদের উদ্বুদ্ধকরণ এবং তথ্য প্রযুক্তির মাধ্যমে দৈনন্দিন সমস্যা সমাধানে সহায়তা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। প্রকল্পের উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে তথ্যসেবা কর্মকর্তা এবং তথ্যসেবা সহকারীগণ পদায়নকৃত উপজেলা সমূহে মাসভিত্তিক লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে। তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীগণ ইতোমধ্যে পদায়নকৃত উপজেলার লক্ষ্যমাত্রা অর্জনে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। প্রকল্পের অবশিষ্ট মেয়াদকালের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কর্মকর্তা ও সহকারীগণের ব্যাপক বদলি অন্তরায় হিসেবে কাজ করছে।

এমতাবস্থায় শুধুমাত্র প্রশাসনিক জরুরী প্রয়োজন ব্যতীত নিয়োগকৃত সকল তথ্যসেবা কর্মকর্তা এবং তথ্যসেবা সহকারীগণের বদলি সংক্রান্ত কার্যক্রম আপাতত আগামী ৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ পর্যন্ত স্থগিত করা হল।


(মীনা পারভীন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৮৩৩২১৩৬

ই-মেইল: pd@totthoapa.gov.bd

বিতরণ: কার্যার্থে/ জ্ঞাতার্থে

- ০১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)।
- ০২। চেয়ারম্যান, উপজেলা শাখা, জাতীয় মহিলা সংস্থা, (সংশ্লিষ্ট উপজেলা)।
- ০৩। তথ্যসেবা কর্মকর্তা (সকল), তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।
- ০৪। তথ্যসেবা সহকারী (সকল), তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।
- ০৫। অফিস কপি।